রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৪, ২০২৫

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

**সংশোধিত বিজ্ঞপ্তি**

তারিখ : ০৬ পৌষ ১৪৩২/২১ ডিসেম্বর ২০২৫

**নং ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৯০০।**—জাতীয় সংসদ নির্বাচনের লক্ষ্যে "জাতীয় সংসদ নির্বাচনে ভোটকেন্দ্র স্থাপন এবং ব্যবস্থাপনা নীতিমালা ২০২৫" সংক্রান্তে নির্বাচন কমিশন সচিবালয় হইতে স্মারক নম্বর-১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-১৫২ মূলে ২৪ জুন, ২০২৫ তারিখে জারীকৃত এবং জুন ২৬, ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তিতে নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হইল :

"গেজেটের পৃষ্ঠা নম্বর ৬৪৭৩ এ অনুচ্ছেদ ৪ এর পর অনুচ্ছেদ ৪ক। নিম্নরূপভাবে সংযোজিত হইবে, যথা :—

**৪ক। পোস্টাল ব্যালট গণনা কেন্দ্র স্থাপন:** The Representation of the People Order, 1972 এর Article 37A(1) অনুসারে রিটার্নিং অফিসার কর্তৃক যথাবিহিতভাবে গৃহীত সমুদয় পোস্টাল ব্যালট গণনা করার জন্য রিটার্নিং অফিসারের কার্যালয়ে আসনভিত্তিক পোস্টাল ব্যালট পেপার গণনা কেন্দ্র স্থাপন করতে হবে। পোস্টাল ব্যালট পেপার গণনা কেন্দ্র স্থাপনের সুবিধার্থে এতদসংগে সংযুক্ত ছকটি ব্যবহার করতে হবে।


**মূল্য :** টাকা ৪.০০

**'ছক'**

**পোস্টাল ব্যালট গণনা কেন্দ্রের তালিকা**

**[Article 37A(1)]**

| ক্রমিক | নির্বাচনি এলাকার নম্বর ও নাম | পোস্টাল ব্যালট পেপার গণনা কেন্দ্রের নাম ও অবস্থান | যে সকল ভোটারগণের পোস্টাল ব্যালট পেপার গণনা করা হবে | পোস্টাল ব্যালট পেপারে ভোট প্রদানের জন্য নিবন্ধিত ভোটার সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | হিজড়া | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫(ক) | ৫(খ) | ৫(গ) | ৫(ঘ) [ক+খ+গ] | ৬ |
| | | | (ক) সরকারি চাকুরিরত কোনো ব্যক্তি যিনি তার নির্বাচনি এলাকা বা ভোটার এলাকা ব্যতীত অন্য কোনো এলাকায় চাকরিসূত্রে বা সরকারি দায়িত্ব পালনে নিয়োজিত রয়েছেন;<br>(খ) জেলখানায় বা আইনি হেফাজতে আটক থাকা কোনো ব্যক্তি যিনি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার ভোটার;<br>(গ) কোনো ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট প্রদানের অধিকারী সেই কেন্দ্র ব্যতীত, অন্য কোনো ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোনো দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন; এবং<br>(ঘ) বিদেশে বসবাসরত কোনো বাংলাদেশি ভোটার। | | | | | |

..............................................................

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার"

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবির**
উপসচিব(নিঃসঃওসঃ)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd